"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

মুজিব শতবর্ষ MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প"
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং: ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭ (অংশ-১)- ৬৪৭ তারিখ: ২০/০২/২০২০ খ্রিঃ।

**বিষয়ঃ আইজিএ প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে ৯ম ব্যাচের প্রশিক্ষণার্থী ভর্তির আবেদন Online-এ সম্পন্ন করণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" প্রকল্পের আওতায় ৪২৬টি উপজেলায় ৮ম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে চলমান ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম আগামী ৩১/০৩/২০২০ইং তারিখে সম্পন্ন হবে এবং পরবর্তী ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম ০১/০৪/২০২০ ইং তারিখ হতে শুরু হবে। সে প্রেক্ষিতে আগামী ০১/০৪/২০২০ইং তারিখ হতে শুরু হওয়া উপজেলা পর্যায়ে ৯ম ব্যাচের প্রশিক্ষণার্থী ভর্তির নিমিত্ত Online-এ আবেদনপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হলো।

এ বিষয়ে ইতোমধ্যে জাতীয় বাংলা দৈনিক পত্রিকায় (দৈনিক ভোরের কাগজ ও দৈনিক আমাদের নতুন সময়) বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)। বিজ্ঞপ্তি মোতাবেক আগামী **২৩/০৩/২০২০ইং তারিখ পর্যন্ত** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে আবেদন গ্রহণ করা হবে। **প্রাপ্ত আবেদন গুলোর মধ্যে হতে উপজেলা পর্যায়ে প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটি কর্তৃক চূড়ান্তভাবে প্রশিক্ষণার্থী নির্বাচনের পর নির্বাচিত প্রশিক্ষণার্থীদের জমাকৃত আবেদনপত্রের ০১ (এক) টি মূল কপি আগামী ০৯/০৪/২০২০ইং তারিখের মধ্যে জরুরী ভিত্তিতে প্রকল্প কার্যালয়ে প্রেরণ করার জন্য** এবং ০১ (এক) কপি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তারে কার্যালয়ে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, শুধুমাত্র Online-এর মাধ্যমে ভর্তির আবেদন বিবেচনাযোগী হবে। আগামী ০১/০৪/২০২০ইং তারিখ হতে শুরু হওয়া প্রশিক্ষণের জন্য যেসকল উপজেলায় Online-এ আবেদনপত্র গ্রহণ করা হবেনা সেসকল উপজেলায় বাজেট বরাদ্দের ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হতে পারে।

**সংযুক্তিঃ প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি।**

20/2/2020.
(শফিকুজ্জামান)
যুগ্মসচিব
ও
প্রকল্প পরিচালক
মোবাইলঃ ০১৫৫০-০২০৩০৩

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সকল)।

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :**

১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর (সকল)।
২। প্রোগ্রাম অফিসার, প্রশাসন-১, ওয়েবসাইট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা ।
৪। অফিস কপি।

F:\Asad\Iga Letter\Trainess Advertisement

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

মুজিব শতবর্ষ MUJIB 100

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
"উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প"
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

স্মারক নং: ৩২.০১.০০০০.০৪৭.২৯.০৬৫.১৮- ৩৪৩ তারিখ: ২০ /০২/২০২০ খ্রিঃ।

# প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ" শীর্ষক প্রকল্পের অধীনে ৪২৬ টি উপজেলায় নিম্ন বর্ণিত ট্রেডে দরিদ্র, সুবিধা বঞ্চিত (১৬-৪৫ বছর) মহিলাদের বিনামূল্যে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে ১ এপ্রিল ২০২০ হতে ৩০ জুন ২০২০ পর্যন্ত অনুষ্ঠিতব্য প্রশিক্ষণের জন্য **Online**-এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ-

| ট্রেডের নাম | প্রশিক্ষণের স্থান | প্রশিক্ষণের মেয়াদ | আসন সংখ্যা | বয়স সীমা | যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। টেইলারিং<br>২। ব্লক বাটিক<br>৩। বিউটিফিকেশন<br>৪। ক্রিস্টাল শোপিচ ও ডেকোরেটেড মোমবাতি<br>৫। মাশরুম চাষ, ভার্মি কম্পোষ্ট ও মৌচাষ<br>৬। ফ্যাশন ডিজাইন<br>৭। শতরঞ্জি ও হস্তশিল্প<br>৮। সেলসম্যানশীপ ও ফ্রন্টডেক্স ম্যানেজমেন্ট<br>৯। মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং। | উপজেলা পর্যায়ে | ৩ মাস মেয়াদী<br>৬০ দিন ব্যাপী<br>সর্বমোটঃ ৩৬০ ঘন্টা | প্রতি উপজেলায় ২টি ট্রেড প্রতি ট্রেডে ২৫ জন করে সর্বমোট (২৫ X ২) = ৫০ জন।<br>**(উপজেলা ওয়ারী প্রশিক্ষণ ট্রেডের তালিকা ওয়েবসাইটে পাওয়া যাবে)** | ১৬-৪৫ বৎসর | দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী |

**নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পুরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ**

০১। প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের ওয়েবসাইট (iga.dwa.gov.bd) এর মাধ্যমে কেবলমাত্র অনলাইনে প্রশিক্ষণে ভর্তির আবেদন করতে হবে। Online-এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

**(ক) Online - এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময়ঃ ২৩/০২/২০২০ খ্রিঃ সকাল -০৯.০০ টা হতে ২২/০৩/২০২০ খ্রিঃ রাত-১২.০০ টা। উল্লেখ্য, এই সময়ের মধ্যেই পূরণকৃত আবেদনপত্রের PDF ভার্শন আবশ্যিক ভাবে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।**

(খ) Online- এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্ব্বোচ্চ 300 KB হতে হবে।

**(গ) উপজেলা পর্যায়ে আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ২৩/০৩/২০২০খ্রিঃ বিকাল-৪.০০ টা।**

০২। Online- এ আবেদন করে আবেদনপত্রের প্রিন্ট কপিতে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর পূর্বক ০২ (দুই) কপি মূল আবেদনপত্র প্রার্থী যে উপজেলায় প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক, সেই উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে। তা না হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৩। Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্রের প্রিন্ট কপি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা না দেয়া পর্যন্ত কোন অবস্থাতেই আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে না। ছবি এবং স্বাক্ষরবিহীন কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা ট্রেড বাতিল/ সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫। **প্রশিক্ষণার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে উপজেলা প্রশিক্ষণার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।** কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রশিক্ষণার্থীর ভর্তি প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৬। সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিনের হাজিরার জন্য ১০০/- (একশত) টাকা করে ৬০ (ষাট) দিনের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

০৭। **আবেদনপত্র বাংলায় পূরণ করতে হবে (কেবলমাত্র ইংরেজীতে পূরণের নির্দেশনা ব্যতিরেকে)।**

০৮। **নির্ধারিত সময়ের মধ্যে Online- এ আবেদন করা না হলে পরবর্তীতে কোনক্রমেই কোন আবেদন গ্রহণ করা হবে না।**

20/2/2020.
**(শফিকুজ্জামান)**
যুগ্মসচিব
ও
প্রকল্প পরিচালক

জরুরী প্রয়োজনে যোগাযোগ- ০১৭১৪-২২৭০৫৮, ০১৭৪৩-৬৮৩২২৯